মেডিকেইডের পাওনা পরিশোধের তথ্য প্রকাশে
সম্মতি সংক্রান্ত বার্ষিক নোটিফিকেশন

প্রিয় পিতামাতা বা অভিভাবক,

আমাদের স্কুলগুলো শিক্ষার্থীদের প্রদত্ত কিছু কিছু পরিষেবা, যেমন আপনার সন্তানের ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্ল্যানের (আইইপি) জন্য বাড়তি অর্থায়ন লাভ করতে পারে। আমাদের স্কুল যাতে এই অর্থায়ন লাভ করে সেজন্য আপনি এর আগে একটি সম্মতিপত্রে স্বাক্ষর করেছিলেন (১) স্টেট এবং ফেডারেল মেডিকেইড কর্মসূচিগুলি আপনার সন্তানের বিশেষ শিক্ষা রেকর্ডে প্রবেশ করে তার বিশেষ শিক্ষা মূল্যায়ন, কর্মসূচি ও পরিষেবা সম্পর্কিত ব্যক্তিগতভাবে শনাক্ত যোগ্য তথ্য সংগ্রহ করবে এবং (২) এসব পরিষেবার মূল্য আপনার মেডিকেইড বেনিফিট থেকে আদায় করে নেবে। আপনাকে বার্ষিক নোটিফিকেশনের এই চিঠি দ্বারা মনে করিয়ে দেয়া হচ্ছে যে ইতিপূর্বে এই সম্মতিপত্র স্বাক্ষরের মাধ্যমে আপনি বুঝেছেন এবং সম্মত হয়েছেন যে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন আপনার সন্তানকে বা তার তরফে প্রদত্ত বিশেষ শিক্ষা পরিষেবার ব্যয় পরিশোধের জন্য আপনার সন্তানের সরকারি সুবিধাদি বা বিমা থেকে অর্থ কেটে নিতে পারে।

আমাদের স্কুলগুলি আমাদের শিক্ষার্থীদের প্রদত্ত গুরুত্বপূর্ণ সহায়তাসমূহের জন্য যত বেশি সম্ভব অর্থায়ন যাতে লাভ করে সেজন্য সহায়তা করায় আপনাকে ধন্যবাদ।

আপনার বিশ্বস্ত,

Carmen Fariña
Chancellor

স্টেট ও ফেডারেল মেডিকেইড কর্মসূচিগুলোকে আমার সন্তান সম্পর্কিত কোন্ তথ্য প্রদান করা হবে?

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (এনওয়াইসি ডিওই) আপনার সন্তানের বিশেষ শিক্ষা মূল্যায়ন ও তাকে প্রদত্ত পরিষেবাগুলির তথ্য প্রদান করবে। এই তথ্যের মধ্যে থাকতে পারে আইইপি, অগ্রগতির নোট, উপস্থিতিরি তথ্য, আপনার সন্তানের মূল্যায়ন ও পরিষেবা সম্পর্কিত মূল্যায়ন এবং অন্যান্য রেকর্ড ও তথ্য।

আমার বা আমার পরিবারকে কি এজন্য কোন ব্যয় বহন করতে হবে?

আপনাকে বা আপনার পরিবারকে কোন ব্যয় বহন করতে হবে না। এসব পরিষেবার কোন সুবিধার জন্য আপনাকে কোন ব্যয়, প্রিমিয়াম, খরচ বা কো-পেমেন্ট বহন করতে হবে না। আপনার সন্তানকে স্কুলে বা স্কুলের বাইরে যেসব পরিষেবা দেয়া হয় সেগুলো কোন অবস্থাতেই ক্ষতিগ্রস্ত হবে না। যদি আপনার সন্তান মেডিকেইড সুবিধা পায়, আপনার সুবিধা বাতিল হবে না, বিদ্যমান জীবনব্যাপী সুবিধা হ্রাস হবে না এবং আপনার পরিবার যেসব পরিষেবা পাচ্ছে সেগুলো ক্ষতিগ্রস্ত হবে না মেডিকেইড সুবিধায় হাত দেয়ার ফলে। আপনার সন্তানের আইইপিতে উল্লিখিত পরিষেবাগুলো লাভ করার জন্য আপনাকে মেডিকেইডে সাইন আপ বা এনরোল করতে হবে না। আপনার মোট স্বাস্থ্য-সংক্রান্ত ব্যয়ের ভিত্তিতে আপনি যদি বাড়ি বা কমুনিটিতে কোন সুবিধা লাভ করেন, তাহলে আপনার সেগুলোর যোগ্যতা হারানর ঝুঁকি নেই।

আমি এনওয়াইসি ডিওইকে আমার সন্তানের তথ্য সংগ্রহ করে মেডিকেইড কর্মসূচিতে পাওনা দাবি করার ব্যাপারে আমার মত বদলে সম্মতি বাতিল করতে পারি কি?

হ্যাঁ - আপনি যেকোন সময়ে এই সম্মতির ব্যাপারে আপনার মত পরিবর্তন করতে পারেন। এই সিদ্ধান্ত পরিবর্তনের জন্য, আপনার সন্তানের স্কুলে যোগাযোগ করুন এবং একটি নতুন মেডিকেইড সম্মতি ফরম সংগ্রহ করে পূরণ করুন। আপনি পরে কোন এক তারিখে আপনার সম্মতি প্রত্যাহর করে নিলেও, এনওয়াইসি ডিওইকে তাসত্ত্বেও আপনার সন্তানকে বিশেষ শিক্ষা ও পরিষেবা প্রদান করতে হবে যার জন্য আপার কোন খরচ হবে না।